দৈনিক ইনকিলাব

১৪৫

AUG. 28 1999

তারিখ ... ... AUG. 27 1999 ..
পৃষ্ঠা ... ... কলাম ...

# রাজশাহী পলিটেকনিকে নকলে বাধা দেয়ায় শিক্ষক নাজেহাল ও বোমাবাজির ঘটনা

রাজশাহী অফিস ঃ গত (বুধবার) রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউটের ৩য় বর্ষের ৬ষ্ঠ পর্বের পরীক্ষা চলাকালে মুজিববাদী ছাত্র লীগের একজন নেতাকে নকল করতে বাধা দেয়ায় ছাত্র লীগ কর্মীরা ক্ষিপ্ত হয় শিক্ষকের উপর চড়াও হয় এবং বোমাবাজি করে।

ইনস্টিটিউটের প্রিন্সিপালের সাথে যোগাযোগ করা হলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, পরীক্ষা শেষ হবার ১৫ মিনিট আগে সরকারী দলের একজন ছাত্রনেতা পরীক্ষায় নকল করার চেষ্টা করে। এতে কর্তব্যরত শিক্ষক বাধা দিতে গিয়ে নাজেহাল হন। পরে ঐ ছাত্রনেতা আরও কয়েকজন সতীর্থকে সাথে নিয়ে বাইরে এসে বোমাবাজি করে। এ সময় সাধারণ ছাত্রদের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়। বিষয়টি পুলিশকে অবহিত করা হয়েছে।

জাতীয়তাবাদী ছাত্র দলের কেন্দ্রীয় সদস্য ও রাজশাহী মহানগর সভাপতি শফিকুল হক মিলন এবং সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম শফিক এক বিবৃতিতে এ ঘটনার তীব্র নিন্দা জানিয়েছে। বিবৃতিতে নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দোষী ছাত্রদের দৃষ্টান্তমূলক শাস্তি এবং বহিষ্কারের দাবী জানান হয়।